

জাবির ৪০ মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান

নিজস্ব প্রতিবেদক

১০ সেপ্টেম্বর ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ১০ সেপ্টেম্বর ২০২৩ ০৩:১১ এএম

বৃত্তি প্রদান প্রদর্শন
আমাদের মধ্যে

advertisement..

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিসিএস অফিসার্স ফোরাম জাবির স্নাতক চূড়ান্ত পর্ব পরীক্ষায় সব বিভাগের শীর্ষস্থান অধিকারী ৪০ জন শিক্ষার্থীকে বৃত্তি ও সনদ প্রদান করেছে। গতকাল বিকালে বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশন কক্ষে এই বৃত্তি ও সনদ প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মো. নুরুল আলম, ভাইস চ্যাপ্সেলর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বিসিএস অফিসার্স ফোরামের সভাপতি ড. আহমেদ মুনিরুজ্জ সালেহীন। ফোরাম সাধারণ সম্পাদক এবং ডিএমপির ডিবির ডিসি মো. আ. আহাদ স্বাগত বক্তব্য দেন। তিনি বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান এবং তবিষ্যতে এই বৃত্তির পরিধি বৃদ্ধির আশাবাদ ব্যক্ত করেন।

advertisement

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ৩৬টি বিভাগের মোট ৪০ জন শিক্ষার্থীর প্রত্যেককে এককালীন ২০ হাজার টাকার চেক ও একটি সম্মাননা সনদ প্রদান করা হয়।